الَّذِينَ آمَنُوا وَهَاجَرُوا وَجَاهَدُوا فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ أَعْظَمُ دَرَجَةً عِنْدَ اللَّهِ وَأُولَٰئِكَ هُمُ الْفَائِزُونَ

যাঁরা ঈমান এনেছে, দেশ ত্যাগ করেছে এবং আল্লাহর রাহে নিজেদের জান ও মাল দিয়ে জেহাদ করেছে, আল্লাহর কাছে তাদের জন্য রয়েছে উচ্চস্তরের মর্যাদা এবং তারাই সফলকাম। *[তাওবা ৯:২০]*

মহান আল্লাহ তায়ালা আরো বলেন–

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ وَلَا تَعْتَدُوا إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ

আর লড়াই করো আল্লাহর জন্য তাদের সঙ্গে, যারা লড়াই করে তোমাদের সঙ্গে। অবশ্য কারো প্রতি বাড়াবাড়ি করো না। নিশ্চয় আল্লাহ সীমা লঙ্ঘনকারীকে পছন্দ করেন না। *[বাকারাহ ২:১৯০]*

শরীয়তের আলোকে জিহাদের হুকুম বর্ণনা করতে লেখক এখানে বিভিন্ন দলিল ও মতামত উল্লেখ করেছেন। যার সারসংক্ষেপ হলো–

স্বাভাবিক শান্তি বজায় রেখে প্রত্যেক মুসলিম রাষ্ট্রের জন্য জিহাদ ফরজে কিফায়াহ। সর্বাবস্থায় কাফেরদের কাছে ইসলামী দাওয়াতি জিহাদের মিশন

চালিয়ে যেতে হবে, যাতে ভবিষ্যতের জন্য সহায়ক একটি অবস্থান তৈরি করা যায়। এ জন্য প্রত্যেক মুসলিম রাষ্ট্রের জন্য আবশ্যক যে তারা একদল মুজাহিদকে পার্শ্ববর্তী কাফের দেশগুলোতে প্রেরণ করে দাওয়াতি কার্যক্রম চালিয়ে যাবে। যদি তারা মুসলিম অধ্যুষিত দেশগুলোর আওতাভুক্ত হয়ে বসবাস করে এবং দাওয়াত পাওয়ার পর ইসলাম গ্রহণ করতে অস্বীকৃতি জানায়, তবে তাদের কাছ থেকে জিজিয়া কর (ট্যাক্স) আদায় করতে হবে।

জিজিয়া হলো মুসলিম রাষ্ট্রে অমুসলিমদের বসবাসের নিরাপত্তা কর প্রদান। যদি তারা এই জিজিয়া দিতেও অস্বীকার করে, তবে এ অবস্থায় ইসলামী শাসন প্রতিষ্ঠার জন্য জিহাদ করা ফরজ।

বর্তমান সময় পর্যন্ত এমন একটি মুসলিম দেশ খুঁজে পাওয়া যাবে না, যাতে জিহাদের এই স্বপ্ন পূরণ হতে পারে। মুসলিম উম্মাহর নৈতিকতা চরমভাবে হ্রাস পেয়েছে এবং তাদের অবস্থান নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আদর্শ থেকে বহুদূর। এ জন্য আমাদের আত্মশুদ্ধি অর্জন করে সঠিক জিহাদের জন্য নিজেদের প্রস্তুত করতে হবে।

যদি কাফেররা কোনো মুসলিম রাষ্ট্রকে আক্রমণ করে, তবে তাদের প্রতিরোধের জন্য জিহাদ ফরজ। এই প্রকারের জিহাদকে প্রতিরোধমূলক জিহাদ বলা হয়।

জিহাদ ফরজ হলে সর্বপ্রথম ব্যবহার হবে সেই দেশের সেনাবাহিনী, যাদের প্রতিরার কাজে নিয়োজিত করা হয়েছে। যদি সৈন্যরা শত্রুবাহিনীকে প্রতিরোধ করতে অক্ষম হয়ে যায়, তবে সেই দেশের সব সুস্থ পুরুষের ওপর সৈন্যদের সঙ্গে মিলিত হয়ে জিহাদ করা ফরজ। যদি তারাও ব্যর্থ হয়, তাহলে দেশের সর্বস্তরের নাগরিকের ওপর জিহাদে অংশগ্রহণ করা ফরজে আইন। এর মধ্যে মহিলাগণ এবং সেই সব কিশোররাও অন্তর্ভুক্ত, যারা প্রাপ্তবয়স্ক না হলেও যুদ্ধের জন্য শক্তি-সামর্থ্যের অধিকারী। ফকিহগণ বর্ণনা করেন, এ অবস্থায় কোনো স্ত্রী যদি জিহাদে গমন করে, অথচ তার স্বামী অনুমতি দেয়নি, তবু ওই মহিলার কোনো গুনাহ হবে না। অনুরূপভাবে মা-বাবার অনুমতি ব্যতীতও বাচ্চারা জিহাদে অংশগ্রহণ করতে পারবে।

যদি রাষ্ট্রের সব নাগরিক শত্রুবাহিনীকে পরাস্ত করতে ব্যর্থ হয় অথবা তাদের আরো সাহায্যের প্রয়োজন হয়, তবে পার্শ্ববর্তী সকল মুসলিমের ওপর আবশ্যক তাদের সাহায্য করা। এতেও যদি শত্রুবাহিনী পরাজিত না হয় তবে চারদিকের সব নিকটবর্তী মুসলিমদের ওপর আক্রান্ত মুসলিমদের সাহায্য করা আবশ্যক হয়ে যায়। এভাবে পৃথিবীর সব মুসলিম জাতির জন্য আহত মুসলিম জাতিকে সাহায্য করা অত্যাবশ্যকীয় হয়ে যায়।

কয়েক লাইনে আফগান জিহাদের বাস্তবতা

আফগান মুজাহিদদের অন্তরে তীব্র কামনা-বাসনা আর আবেগ ছিল যে এই দেশটি একটি শান্তির দেশে পরিণত হবে। একটি প্রকৃত ইসলামী রাষ্ট্র কায়েমের উজ্জ্বল সম্ভাবনা ছিল, যেখানে সমুন্নত ছিল মহান আল্লাহ তায়ালার নাম আর শরিয়তের সব বিধানের পূর্ণ বাস্তবায়ন। আমি (লেখক) অনেক আহত মুসলিম ভাইয়ের কাছে এই প্রশ্ন করেছি, যারা হাসপাতালের বিছানায় যন্ত্রণায় কাতরাচ্ছিল, যাদের মধ্যে ১২ বছরের তারুণ্যদীপ্ত অসংখ্য কিশোর ছিল, ছিল ১০৪ বছরের নাম না-জানা বৃদ্ধও। কেন তারা এত ত্যাগ স্বীকার করছে? তারা সবাই একই সুরে সুর মিলিয়ে উত্তর দিল– একমাত্র আশা, এখানে আল্লাহর বিধান কায়েম হবে আর আফগান হবে পরিপূর্ণ একটি ইসলামী রাষ্ট্র। আমিও তাদের সঙ্গে সুর মিলিয়ে বললাম, হ্যাঁ, এটিই সুবর্ণ সুযোগ আল্লাহর বিধান পৃথিবীতে পুনরায় প্রতিষ্ঠিত করার।

যারা জিহাদের বাস্তবতা সম্পর্কে ভালো জ্ঞান রাখেন, তারা বুঝবেন জিহাদের জন্য একটি সৈন্যবাহিনী প্রস্তুত করা খুবই কঠিন। মানুষের কাপুরুষসুলভ মনোভাব সম্পর্কে কুরআন ব্যক্ত করেছে–

فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ إِذَا فَرِيقٌ مِنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللَّهِ أَوْ أَشَدَّ خَشْيَةً وَقَالُوا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ لَوْلَا أَخَّرْتَنَا إِلَى أَجَلٍ قَرِيبٍ قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيلٌ وَالْآخِرَةُ خَيْرٌ لِمَنِ اتَّقَى وَلَا تُظْلَمُونَ فَتِيلًا ○ أَيْنَمَا تَكُونُوا يُدْرِكْكُمُ الْمَوْتُ وَلَوْ كُنْتُمْ فِي بُرُوجٍ مُشَيَّدَةٍ وَإِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَقُولُوا هَذِهِ مِنْ عِنْدِ اللَّهِ وَإِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَقُولُوا هَذِهِ مِنْ عِنْدِكَ قُلْ كُلٌّ مِنْ عِنْدِ اللَّهِ فَمَالِ هَؤُلَاءِ الْقَوْمِ لَا يَكَادُونَ يَفْقَهُونَ حَدِيثًا ○

অতঃপর যখন তাদের প্রতি জেহাদের নির্দেশ দেয়া হল, তৎক্ষণাৎ তাদের মধ্যে একদল লোক মানুষকে ভয় করতে আরম্ভ করল, যেমন করে ভয় করা হয় আল্লাহকে। এমন কি তার চেয়েও অধিক ভয়। আর বলতে লাগল, হায় পারনকর্তা, কেন আমাদের উপর যুদ্ধ ফরয করা হলো! আমাদেরকে কেন আরও কিছুকাল অবকাশ দান করলে না! (হে রাসূল!)

> তাদেরকে বলে দিন, পার্থিব ফায়দা সীমিত। আর আখেরাত পরহেযগারদের জন্য উত্তম। আর তোমাদের অধিকার একটি সুতা পরিমাণও খর্ব করা হবে না। তোমরা যেখানেই থাক না কেন; মৃত্যু কিন্তু তোমাদেরকে পাকড়াও করবেই– যদি তোমরা সুদৃঢ় দুর্গের ভেতরেও অবস্থান কর, তবুও। বস্তুতঃ তাদের কোন কল্যাণ সাধিত হলে তারা বলে যে, এটা সাধিত হয়েছে আল্লাহর পক্ষ থেকে। আর যদি তাদের কোন অকল্যাণ হয়, তবে বলে, এটা হয়েছে তোমার পক্ষ থেকে, বলে দাও, এসবই আল্লাহর পক্ষ থেকে। এ কওমের কী হল যে, এরা কোনো কথা বুঝতে চেষ্টা করে না। *[নিসা ৪:৭৭-৭৮]*

উল্লেখিত আয়াতগুলো মক্কায় অবতীর্ণ হয়। এটা সেই সময়ের কথা যখন মুসলিমরা শুধু নামাজ ও জাকাতের বিষয়ে আদিষ্ট ছিল। কিছুদিন পর তারা আত্মশুদ্ধি বিষয়ে আদেশপ্রাপ্ত হয়, জিহাদ তখনো ফরজ হয়নি। তথাপি কিছু মুসলিমের হৃদয়ে মুশরিকদের সঙ্গে যুদ্ধের প্রেরণা তৈরি হয়। অতঃপর মদিনায় জিহাদ্ ফরজ করা হয়, তখনো দুর্বল ঈমানের মুসলিমরা শত্রুকে ভয় করতে থাকে, অথচ মুসলিমরা একমাত্র আল্লাহ তায়ালাকেই ভয় করবে।

কোথায় আপনি লক্ষাধিক যুবক পাবেন, যারা আল্লাহর জন্য জীবন দিতে প্রস্তুত, যাদের অন্তর জিহাদের অপার আগ্রহে আন্দোলিত? কোথায় আপনি এমন একটি পরিপূর্ণ সৈন্যবাহিনী প্রস্তুত পাবেন, যাদের সহযোগিতার জন্য সামান্য অর্থও বরাদ্দ নেই? কোথায় আপনি আত্মোৎসর্গকারী ব্যক্তি পাবেন, যাদের প্রতিদান পাওয়ার আশা শুধু পারলৌকিক জীবনে? একটি দেশেই উপরিউক্ত সব কিছুই পাওয়া যাবে, সেটি আফগানিস্তান।

আমি পূর্ববর্তী ইসলামী সোনালি যুগের মুসলিমদের দুনিয়াবিমুখ জীবন-যাপনের ইতিহাস পড়েছি, বস্তুত আমি স্বচক্ষে বর্তমানে তার কিছুটা নমুনাও দেখেছি। আমি উস্তাদ সাইয়াফের বাড়ি দেখেছি, যেখানে তিনি বসবাস করেন। বাড়ির কাঠামো ছিল মাটির তৈরি আর মেঝেতে বিছানো ছিল শুধু বালি। মেহমানদের জন্য বাড়ির সম্মুখ আঙিনায় একটি তাঁবু বিছানো ছিল, যা তিনি ১১/১২ ডলার দিয়ে কিনেছিলেন। আমাদের পূর্বপুরুষদের দানের অনেক বিস্ময়কর ইতিহাস শুনেছি; কিন্তু আমি সাক্ষ্য দিতে পারি যে, আফগানিরা তাদের বিপুল পরিমাণ ছাগল ও ভেড়ার পালকে বিক্রি করেছিল খুবই সস্তা দামে, শুধু জিহাদের জন্য কিছু গোলা-বারুদ সংগ্রহ করার জন্য। আফগান জিহাদের সূচনায় এক রাউন্ড গুলির মূল্য ছিল ৩ ডলার। একজন মুজাহিদ তার পালের ৬০০টি ভেড়াকে বিক্রি

করেছিল মাত্র পদাতিক অস্ত্র কিনতে, যার বাজার বিক্রি মূল্য ৬০০ কুয়েতি দিনার।

একদা আরব ভূমির কিছু তরুণ যুবক বিস্ময়ের সঙ্গে আমাকে বলল, আমরা দেখেছি, পাকিস্তানের কুকুররা রুটি খাচ্ছে? অথচ আমাদের দেশের কুকুররা না রুটি খায়, না ভাত; বরং তাদের একমাত্র খাবার হলো গোশত।

আপনি আরো আশ্চর্যবোধ করবেন, যদি আপনি দেখেন প্রতি বৃহস্পতিবার এক স্তূপ ভাত আর গোশত মরুভূমির গভীরে আবর্জনার স্থানে ফেলে দেওয়া হচ্ছে। আমি যুবকদের বললাম, যেখানে মানুষ জাতি এক টুকরো রুটিও সংগ্রহ করতে পারে না, এমনকি আফগান মুজাহিদরা কখনো কখনো ক্ষুধার তীব্র যন্ত্রণায় কাতর হয়ে পাহাড়ের চূড়ায় কোনো গাছের তিক্ত ফলও সংগ্রহ করতে পারেনি। প্রায় আট হাজার সদস্যের একটি সৈন্যদল দুই মাস ধরে পাহাড়ের গাছপালার ফল ভক্ষণ করে জিহাদ পরিচালনা করেছে, তাদের না ছিল থাকার কোনো সুন্দর ব্যবস্থাপনা, না ছিল খাবারের পর্যাপ্ততা। বর্তমান বিশ্বের সব মুসলিমের জন্য এই নিষ্ঠুর বাস্তবতা উপলব্ধি করা একান্ত আবশ্যক।

আমার এ বইটি রচনাকালে আফগান যুদ্ধের কিছু নমুনা

১. আফগানযুদ্ধে সহযোগিতার জন্য বহির্বিশ্বের কোনো মুসলিম ডাক্তার উপস্থিত ছিল না, শুধু ১০ জন আফগানি ডাক্তার ছিল। প্রায় এক হাজার সৈন্যবাহিনীর জন্য এই সংখ্যা গণনা করাই অপ্রতুল। অপরদিকে শত্রুবাহিনীর সামগ্রিক সাহায্যের জন্য মৌমাছির ঝাঁকের মতো আন্তর্জাতিক সাহায্য সংস্থাগুলো ভিড় করেছিল এবং আমেরিকা, ফ্রান্স, জার্মানি ও বিদেশ থেকে ভ্রাম্যমাণ হাসপাতাল পাঠানো হয়েছিল।

২. আফগানযুদ্ধের সঠিক চিত্র তুলে ধরার জন্য একজন মুসলিম সাংবাদিকও উপস্থিত ছিলেন না। অপরদিকে পশ্চিমা সাংবাদিক আর সংবাদ চ্যানেলগুলোর সার্বণিক দৃষ্টি ছিল শত্রুবাহিনীর সংবাদ পরিবেশনের ওপর।

৩. উত্তপ্ত মরুভূমির বালিরাশি আর বন্ধুর গিরিপথ পাড়ি দেওয়ার মতো যথেষ্ট জুতার ব্যবস্থাও মুজাহিদদের ছিল না। তারা একে অন্যের সঙ্গে বিনিময় করে জুতা ব্যবহার করত।

৪. ওমর ক্যাম্পে প্রায় তিন মাস ধরে প্রচণ্ড শীতে চার হাজার মুজাহিদ অবস্থান করে; কিন্তু তাদের জন্য না ছিল একটি তাঁবু বা একটি কম্বল। যখন শায়েখ নাসির-উর রাশেদ (সৌদি রেড ক্রিসেন্টের কোষাধ্যক্ষ) মুজাহিদদের এই দুর্দশা

অবলোকন করলেন, তখন ব্যক্তিগত টাকা দিয়ে এক হাজার তাঁবু ও কম্বল ক্রয় করে মুজাহিদদের উৎসর্গ করেন। আল্লাহ তায়ালা তাঁকে দুনিয়া ও আখিরাতে উত্তম প্রতিদান দিন। অনুরূপভাবে হযরত আবু বকর সিদ্দিক ক্যাম্পে শীতের অধিকাংশ সময় প্রায় ২৫০০ মুজাহিদ একত্রে পার করেন। তাদেরও না ছিল একটি তাঁবু, না ছিল একটি প্রশস্ত কম্বল।

৫. জুতাবিহীন নগ্ন পা নিয়ে বরফের ওপর ভর দিয়ে চলাচলের কারণে অনেক মুজাহিদের পায়ের পাতাগুলো ফেটে চৌচির হয়ে রক্তাক্ত হয়ে গিয়েছিল। যখন বরফের ওপর দিয়ে হেঁটে যাওয়ার জুতার মূল্য ছিল পাকিস্তানি রুপির ১০০ রুপি। অথচ মুজাহিদদের সংখ্যা প্রায় এক লাখ। প্রত্যেকের জন্য যদি একটি জুতা ক্রয় করতে হয়, তবে ১০০ মিলিয়ন রুপি লাগবে। যে জুতার স্থায়িত্ব মাত্র একটি যুদ্ধের অভিযান।

৬. মুহাম্মদ সিদ্দিক (যিনি কাবুল শহরের একজন নেতা ছিলেন) আমাকে বর্ণনা করেন, আমি একজন মাকে দেখলাম, যিনি বরফের ওপর দিয়ে দুগ্ধপোষ্য সন্তান নিয়ে খালি পায়ে হেঁটে যাচ্ছেন, পা দিয়ে রক্তের বিন্দুকণা গড়িয়ে গড়িয়ে পড়ছে, বরফের ওপর দিয়ে চলার মতো একটি পোষ্য প্রাণীরও তিনি ব্যবস্থা করতে পারেননি।

৭. আফগান জিহাদে মুজাহিদদের সংখ্যা শত্রুবাহিনীর তুলনায় এতটাই অপ্রতুল ছিল যে, গণনা করা যেত। অপরদিকে শত্রুবাহিনীর সৈন্যসংখ্যা ছিল ধারণাতীত। আমেরিকা, ইংল্যান্ড, জাপান, জার্মান প্রভৃতি দেশ থেকে যুদ্ধের সরঞ্জামে তারা সজ্জিত হয়ে আফগান ভূমিতে পদার্পণ করেছে।

[যখন বইটি রচিত হয় তখন বিভিন্ন মুসলিম দেশ থেকে অনেক মুসলিম আফগান জিহাদে অংশগ্রহণ করেছে। এমনকি আরব ভূমির অনেক সাধারণ মানুষও এর অন্তর্ভুক্ত ছিল।]

লেখক কর্তৃক সাধারণ মুসলমানদের প্রতি সদয় নিবেদন

১. প্রত্যেক মুসলিম পরিবার তাদের মাসিক খরচ থেকে এক দিনের খরচ বাঁচিয়ে আফগান ভাইদের সহযোগিতা করবেন।

২. অনেক মুসলিম প্রমোদ ভ্রমণের জন্য পৃথিবীর বিভিন্ন প্রান্তে গমন করেন। তাঁদের প্রতি আহ্বান, আপনারা আফগান ভূমিতে আসুন। দেখে যান মুসলিম ভাইদের সংগ্রামপূর্ণ জীবন। তাদের প্রতি সাহায্যের হাত প্রসারিত করুন।

৩. মুসলিম ডাক্তারদের প্রতি অনুরোধ, বছরের কিছু সময় যেন আফগান

ভাইদের জন্য বরাদ্দ করেন, যাতে তাঁরা উপযুক্ত সেবা নিতে পারেন। এই অনুরোধ (বই লেখা পর্যন্ত) শুধু আফগান ভাইদের জন্যই নয়; বরং কাশ্মীর, বসনিয়া, চেসনিয়া, বার্মা প্রভৃতি দেশের নির্যাতিত মুসলিমদের জন্যও। তাই আল্লাহ তায়াল ইরশাদ করেন–

إِنَّ فِي ذَٰلِكَ لَذِكْرَىٰ لِمَن كَانَ لَهُۥ قَلْبٌ أَوْ أَلْقَى ٱلسَّمْعَ وَهُوَ شَهِيدٌ

> এতে উপদেশ রয়েছে তার জন্যে, যার অনুধাবন করার মত অন্তর রয়েছে। অথবা সে নিবিষ্ট মনে শ্রবণ করে। *[সূরা ক্বাফ ৫০:৩৭]*

পশ্চিমা বিশ্ব আফগানিস্তানে তাদের যুদ্ধ পরিচালনার জন্য গড়ে প্রতিদিন প্রায় ৪০ থেকে ৬০ মিলিয়ন ডলার ব্যয় করে। অন্য এক তথ্যমতে ৭০ মিলিয়ন ডলার। ফলে পশ্চিমা বিশ্ব আজ অর্থনৈতিক বিপর্যয়ের সম্মুখীন। তারা ভেবেছিল, আফগান পৃথিবীর মধ্যে একটি ছোট ও দুর্বল জাতি। আমাদের সুপ্রিম পাওয়ার দ্বারা অচিরেই তাদের পদপৃষ্ঠ করব; কিন্তু আজও তা তাদের জন্য কল্পনাই রয়ে গেছে।

একজন তারুণ্যদীপ্ত যুবক, যিনি ১৪০৩ হিজরির রমজান ও শাওয়াল মাস যুদ্ধের ময়দানে অতিবাহিত করেছিলেন। তিনি আমাকে বলেন, 'আমি দেখতে পাচ্ছি আফগান ভূমিতে অচিরেই আল্লাহ তায়ালার সাহায্য নেমে আসবে।'

তিনি আরো বলেন, 'মুজাহিদরা যখন কাবুল শহরের কেন্দ্রীয় ক্যাম্প ইয়াকদুর আক্রমণ করে, আমিও তখন সেখানে উপস্থিত ছিলাম। আমরা ছিলাম ১২০ জন মুজাহিদ। একটি হেলিকপ্টার আমাদের আক্রমণ করে বৃষ্টির মতো গুলিবর্ষণ করে।

আমরা অসহায় হয়ে শাহাদাতের প্রতীক্ষা করছিলাম আর অপেক্ষায় ছিলাম মৃত্যুর সঙ্গে আন্তরিক সাক্ষাতের। ইতিমধ্যে আল্লাহ তায়ালার সাহায্য অবতীর্ণ হয় এবং আমরা যুদ্ধে জয়লাভ করি। যুদ্ধের ফলাফল হলো, তিনটি ট্যাংক ধ্বংস হয়, ১৮ জন রাশিয়ান অফিসার ও সৈন্য মারা যায়, ১৩ জন আফগানি শত্রু মারা যায় ও ২০ জন আহত হয়। আল্লাহর অসীম রহমতে আমাদের কেউই নিহত বা আহত হয়নি।'

কাবুল শহরের পক্ষ থেকে একটি সরকারি ঘোষণাপত্র মুহাম্মদ সিদ্দিক তাসখারির কাছে পৌঁছানো হয়, যাতে উল্লেখ ছিল– 'আপনারা কাবুলের ওপর সর্বপ্রকার আক্রমণ বন্ধ করুন, বিনিময়ে আপনাদের জন্য প্রয়োজনীয় খাবার, বাসস্থান, চিকিৎসা ইত্যাদি উপকরণের ব্যবস্থা সরকার করবে।'

সরকারি ঘোষণার প্রতিলিপিতে তিনি উত্তর প্রদান করেন, আমি আপনার সব প্রতিশ্রুতি মেনে নেব। শর্ত হলো, আপনাদের প্রচলিত ধর্মনিরপে মতবাদ বর্জন করে ইসলামের আদর্শে অনুপ্রবেশ করতে হবে।

১৪০৩ হিজরি সালের শাওয়াল মাসে তৎকালীন আফগান মন্ত্রীপরিষদ একটি চুক্তিপত্র আলহাজ মুহাম্মদ ওমরের (বাঘমান উপজাতির নেতা) কাছে পাঠায়। এতে উল্লেখ ছিল, আমরা মহান আল্লাহর নামে আপনার কাছে মিনতি করছি, মুসলিমদের রক্ত ঝরানো থেকে আপনারা বিরত থাকুন।

হে আল্লাহ! আপনার কী অপার কুদরত, ধর্মনিরপেক্ষ মতবাদে বিশ্বাসী তো আল্লাহর নামে প্রার্থনা করছে। আলহাজ মোহাম্মাদ ওমর প্রতিউত্তরে বলেন, 'আমরা মুজাহিদদের সম্মানিত আমির উস্তাদ সাইয়াফের পক্ষ থেকে আপনাদের কাছে সবিনয় মিনতি জানাচ্ছি যে, আফগানে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত আমরা অস্ত্র সংবরণ করব না। এর আগে কোনো পরে সঙ্গে আলোচনা বা মতবিনিময় করাও সম্ভব নয়।' এই পত্র পৌঁছানোর দুই দিন পরই রাশিয়ান বাহিনী তাদের সর্বশক্তি প্রয়োগ করে মুজাহিদদের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়। আল্লাহর রহমতে মুজাহিদরা এই যুদ্ধেও জয়লাভ করেন। ফলাফল, শত্রুবাহিনীর ৪০টি ট্যাংক ও তিনটি যুদ্ধবিমান ধ্বংস হয়, প্রায় ৫০০ সৈন্য মারা যায়। অন্যদিকে মুজাহিদদের মাত্র ২০০ জন সৈন্য শহীদ হন।

কথা প্রসঙ্গে কিছু মুসলিম ভাই আমাকে জিজ্ঞেস করেন, আফগান জিহাদের কি কোনো প্রয়োজনীয়তা আছে? আমার উত্তর ছিল ঠিক সেটাই, যেটা উস্তাদ সাইয়াফ দিয়েছেন। তিনি বলেন, জিহাদের জন্য প্রয়োজন অর্থের আর মানুষের জন্য প্রয়োজন জিহাদের।

আল্লাহ তায়ালা মানুষকে এমন কিছু অলৌকিক গুণাবলি দিয়ে সৃষ্টি করেছেন, যাদের আছে দৃঢ় সাহস, উত্তম কথা ব্যক্ত করার যোগ্যতা, আর বাস্তবতার নিরিখে সব বিষয় পর্যালোচনা করার অসম্ভব ক্ষমতা। যুগে যুগে যত বিপ্লব সংঘটিত হয়েছে, তার পেছনে ছিল এক ব্যক্তির ঐকান্তিক ইচ্ছা, চেষ্টা, পরিশ্রম এবং যার মধ্যে ওই গুণাবলিরও প্রকাশ ঘটত। এভাবেই পৃথিবীতে আদর্শ সমুন্নত হয়। ইতিহাসের পাতায় পাতায় যাদের বর্ণিল কর্মময় জীবনী লিপিবদ্ধ আছে।

আমার এক সম্মানিত উস্তাদ আমাকে বলেন, 'অচিরেই আমি তুর্কিস্তানে সফর করব, সেখানে বিদ্যমান পূর্ববর্তী যুগের খেলাফতের কিছু নিদর্শন দেখার জন্য।' আমি বললাম, 'আপনি কেন পেশওয়ারে সফর করছেন না ওই ব্যক্তিদের দেখার জন্য, যারা বর্তমান সময়ে খেলাফত প্রতিষ্ঠার সংগ্রামে সদা লিপ্ত আছেন?'

কিন্তু আফসোস, মুসলিমরা ইসলামের বর্তমান দাবি উপলব্ধি করতে পারছে না এবং বর্তমান মুসলিমদের এই তীব্র আর্তনাদকে নিজেদের মনের মণিকোঠায় স্থান দিতেও সক্ষম হচ্ছে না। একদিকে বহু মুসলিম দুনিয়াতে দীর্ঘ হায়াত লাভ করে সম্পদের প্রাচুর্যের সঙ্গে থাকার স্বপ্ন দেখে, আবার ঠিক বিপরীতে কত মুসলিম শাহাদাতের তামান্নায় সকাল-সন্ধ্যায় মহান আল্লাহর দরবারে কায়মনোবাক্যে দোয়া করে।

আমি কিছু পাকিস্তানি ভাইয়ের কাছে প্রশ্ন রেখেছিলাম– 'আরব বিশ্ব থেকে কতজন শায়েখ এই পেশওয়ারে আগমন করেন এই বিক্ষোভ প্রদর্শনের জন্য যে, আফগান মুজাহিদদের ওপর যে নির্যাতন আর অমানবিক অত্যাচার করা হচ্ছে তা অন্যায়?' তারা বলেন, এ প্রশ্নের উত্তর হবে হতাশাপূর্ণ!

পাকিস্তানের ইসলামাবাদে অনুষ্ঠিত দ্বিতীয় আন্তর্জাতিক অর্থনৈতিক কর্মশালা অনুষ্ঠানে উপস্থিত সবাইকে উদ্দেশ করে আমি বলেছিলাম, 'কেন আপনারা মুসলিমদের দুর্দশা পর্যবেক্ষণের জন্য পেশওয়ারে সফর করছেন না?' উত্তরে অনেকেই সময়ের অপ্রতুলতার কথা বলেন। আমি বললাম, 'মুসলিমদের এই ক্রান্তিলগ্নে পেশওয়ার পরিদর্শন না করে ইসলামাবাদ ত্যাগ করা হবে শরীয়তের দৃষ্টিতে আপনাদের জন্য অন্যায়।'

আমার এই সাময়িক সময়ের আলোচনা তাদের বাধ্য করেছে দুর্দশাগ্রস্ত এই মুসলিম জনপদকে সামান্য সময়ের জন্য হলেও কিছুটা পর্যবেক্ষণ করা।

অনেকেই বলেছেন, ইতিমধ্যে অনুষ্ঠান শেষে তার বেলা ডান নামক এক স্থান পরিদর্শনের ব্যবস্থা করা হয়েছে। আমি বললাম, সকলের জন্য উচিত অন্য স্থান নির্বাচন করা, যেখানে থাকবে না কোনো উঁচু উঁচু দালানকোঠা, ভরপুর উন্নত খাবারের ব্যবস্থা। থাকবে না চারদিকে অসংখ্য মানুষের পাহারার ব্যবস্থা। যদি সম্ভব হয় তবে এমন একটি স্থানে পরিদর্শনের ব্যবস্থা করেন, যেখানে মাটি ও পাথরের মাঝে ছোট একটি গর্তে মুজাহিদদের সঙ্গে কিছুটা সময় কাটানো যায়। যাদের খাবার হলো পুরনো শুষ্ক রুটি বা সামান্য কিছু মিষ্ট পানি, যাদের চারপাশে রাশিয়ান বাহিনীর হিংস্র ও লোলুপ দৃষ্টি ছাড়া আর কোনো পাহারার ব্যবস্থা নেই। যে বাহিনীর পদতলে প্রতিনিয়ত হাজার হাজার মুসলিম নারী, পুরুষ ও শিশু পিঁপড়ার মতো পদপিষ্ট হয়ে যাচ্ছে।

কেননা হাদিস শরিফে বর্ণিত হয়েছে–

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم، قَالَ:
لَغَدْوَةٌ فِي سَبِيلِ اللهِ أَوْ رَوْحَةٌ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا.

হযরত আনাস রা. হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিশ্চয় আল্লাহর রাস্তায় একটি সকাল অথবা একটি বিকাল ব্যয় করা দুনিয়া এবং তাতে যা কিছু আছে সেসব থেকে উত্তম। *[বুখারি শরীফ ৩৯৬/১]*

অন্য হাদিসে বর্ণিত হয়েছে–

عَنْ عُثْمَانَ بْنَ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ. سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: رِبَاطُ يَوْمٍ فِي سَبِيلِ اللَّهِ خَيْرٌ مِنْ أَلْفِ يَوْمٍ فِيمَا سِوَاهُ مِنَ الْمَنَازِلِ.

হযরত উসমান ইবনে আফফান রা. বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, আল্লাহর রাস্তায় জিহাদরত অবস্থায় একরাত পাহারায় নিয়োজিত থাকা বাড়িতে হাজার রাত ইবাদতে নিয়োজিত থাকা অপেক্ষা উত্তম। *[বুখারি ও মুসলিম]*

অন্য একটি হাদিসে বর্ণিত হয়েছে–

عَنْ أَبِي مُوسَى رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: إِنَّ أَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلَالِ السُّيُوفِ.

হযরত আবু মুসা রা. হতে বর্ণিত, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, নিশ্চয় জান্নাতের প্রবেশ দ্বার তলোয়ারের ছায়ার নিচে। *[সহিহ মুসলিম শরিফ, হাদীস নং ১৯০২]*

যদি কোনো মুসলিমের জিহাদে গমনের শরয়ী সামর্থ্য না থাকে, তবে তার এ নিয়ত থাকা আবশ্যক যে, আল্লাহ তায়ালা যদি তাওফিক দান করেন তবে অবশ্যই আমি সর্বাত্মকভাবে তাদের সহযোগিতা করব; হয়তো অর্থের দ্বারা, নতুবা কলমের দ্বারা কিংবা বুদ্ধির দ্বারা ইত্যাদি। তাই হাদিসে বর্ণিত হয়েছে–

যে ব্যক্তি একান্তচিত্তে আল্লাহর কাছে শাহাদাত কামনা করে অবশ্যই আল্লাহ তায়ালা তার দোয়া কবুল করবেন, যদিও ঘরে বসেই তার মৃত্যু হয়।

জ্ঞানসম্পন্ন ও বিবেকবান ব্যক্তিমাত্রই এ বিষয়টি উপলব্ধি করতে পারেন যে, প্রত্যেক মুসলিমের নিজ সামর্থ্য অনুযায়ী জিহাদের বিভিন্ন ক্ষেত্রে সর্বাত্মক

সহযোগিতা করা উচিত। কারণ আল্লাহ তায়ালা মানুষের উপরে সাধ্যের অতিরিক্ত কোনো বোঝা চাপিয়ে দেন না। আফগানিস্তানের বিষয়টি ফিলিস্তিনের সমস্যার বিপরীত নয়। মূলত উভয় দেশের সমস্যাটি একই অর্থাৎ শত্রুবাহিনীর প্রধান মিশনই হলো মুসলিম রাষ্ট্রের সার্বভৌমত্ব বিনষ্ট করে ইসলামী বিধান কায়েমের সব সম্ভাবনাকে নির্মূল করা। আমাদের চেষ্টার পাশাপাশি মহান আল্লাহ তায়ালার সাহায্যের প্রতি আমরা অপেক্ষমাণ।

মুসলমানদের জন্য উচিত নয় যে তারা শত্রুর কাছে আত্মসমর্পণ করবে বা হতাশাগ্রস্ত হবে। আল্লাহ তায়ালাও মানুষের জন্য হতাশাগ্রস্ত হতে নিষেধ করেছেন; বরং মুসলিমরা যেখানেই যাবে, যতই বাধার সম্মুখীন হবে, যতই বিপদের ঘূর্ণিপাকে তারা আবর্তিত হবে, ততই তাদের অন্তরে আল্লাহ তায়ালার ভালোবাসা ও শাহাদাতের অপরিসীম তামান্না আরো বদ্ধমূল হবে। যদি পৃথিবীর সবাই আমাদের বিপক্ষে অবস্থান নেয় এবং আমরা আল্লাহ তায়ালার সাহায্যের আশাও পরিত্যাগ করি, তবে প্রথমে যেভাবে ফিলিস্তিনের পরিণতি হয়েছে সেরূপই দ্বিতীয় পরিণতি আমার জন্য অপেক্ষা করছে।

এর উৎকৃষ্ট উদাহরণ নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আদর্শে পাওয়া যায়। যখন মক্কার কাফেররা ইসলামী দাওয়াতের চরম বিরোধীতা শুরু করল এবং দাওয়াত প্রচার নিষিদ্ধ করে দাওয়াত গ্রহণকারীদের মক্কা থেকে বিতাড়িত করার চেষ্টা করল, তখন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর দাওয়াতি মিশনকে আরো বৃদ্ধি করলেন। সাহাবায়ে কেরামকে আবিসিনিয়ায় পাঠালেন, নিজে তায়েফে গমন করলেন, এভাবে একপর্যায়ে তিনি হিযরতও করলেন। সর্বশেষে মদীনায় আল্লাহ তায়ালা ইসলামকে সর্বদিক দিয়ে শক্তিশালী করলেন। সেখানে তিনি এক শক্তিশালী মুসলিম জনগোষ্ঠী তৈরি করলেন এবং ইসলামের বাণীকে আরো সমুন্নত করার জন্য সাহাবায়ে কেরামকে সর্বাত্মক যোগ্যতাসম্পন্ন করে মক্কায় পাঠালেন, যা মাত্র আট বছরের মধ্যেই সম্ভব হয়েছিল। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই অতি অল্প সময়ের মধ্যেই কিয়ামত পর্যন্ত কাবাঘর থেকে সর্বপ্রকার মূর্তি অপসারণ করলেন।

আফগান জাতির কিছু ব্যতিক্রমী বৈশিষ্ট্য

১. আফগানযুদ্ধের মূল ভূমিকায় সর্বদা একজন আলেম বিদ্যমান থাকবেন, তার কথাই সব যুদ্ধের সামগ্রিক বিষয়ের ওপর প্রভাব রাখে।

২. আফগান জাতি প্রকৃতিগতভাবেই বিভিন্ন ঘাত-প্রতিঘাত মোকাবিলা করতে

সম। তারা কখনোই অন্যায়ের সাথে আপস করা পছন্দ করে না। ফলে আল্লাহর সাহায্যে তারা আলেকজান্দ্রিয়া, ব্রিটেন ইত্যাদি দেশকে পরাজিত করেছে। অনেক দেশই তাদের জয়ের পতাকা আফগান পাহাড়ে স্থাপন করতে চেষ্টা করেছে; কিন্তু সবাই বিফল হয়েছে। ব্রিটেন ১৯৮২ সালে ১২০০ সৈন্যসহ পরাজিত হলো, যাতে মাত্র একজন জীবিত ছিলেন, তিনি হলেন ডক্টর প্রিজন। পরবর্তী সময়ে তিনি এই যুদ্ধ সম্পর্কে পূর্ণ একটি বই রচনা করেন।

৩. আফগান জাতি সব আধুনিকতার ছোঁয়ামুক্ত প্রাচীন সভ্যতার বৈশিষ্ট্যসংবলিত একটি সাধারণ জাতি।

৪. আফগানিস্তানে একটি ছোট গির্জাও নেই বা কোনো মিশনারি কার্যক্রমও তথায় চালু নেই, যা অন্য কোনো মুসলিম দেশে বিরল।

ওস্তাদ সাইয়াফ বলেন, আমরা পৃথিবীর বুকে কোনো রাজত্ব বা সিংহাসন অর্জনের জন্য এক মুহূর্তও জিহাদে ব্যয় করি না; বরং ইসলামী রাষ্ট্রব্যবস্থায় আল্লাহর বিধান মোতাবেক জীবন পরিচালনাই আমাদের উদ্দেশ্য।

কাজী মুহাম্মদ আমাকে বলেন, হাজার হাজার মুজাহিদ আমার চোখের সামনেই শাহাদাতবরণ করেছেন, যার মধ্যে আমার ভাই ও পুত্রও আছেন। এতে আমার বিন্দুমাত্র আক্ষেপ নেই। যেমনটি আক্ষেপ ছিল একজন অফিসারের, যে অফিসার একটি ধনী দেশের প্রতি ইঙ্গিত করে তার আকাঙ্ক্ষা ব্যক্ত করেছিল— 'আমি যদি ওই দেশের রাস্তার ভিক্ষুক হতে পারতাম!'

রাশিয়ান বাহিনীর যুদ্ধ পরিচালনার জন্য সকল প্রকার আর্থিক ও সামরিক সামর্থ্য বিদ্যমান রয়েছে। তাদের উদ্দেশ্য হলো আরব সাগর পাড়ি দিয়ে ইরান ও পাকিস্তানের মাঝামাঝি অবস্থান করবে। যেহেতু রাশিয়ার বেশিরভাগ সমুদ্র বরফ আচ্ছাদিত থাকে, ফলে তার দেশে বিভিন্ন দ্রব্যসামগ্রী পৌছাতে গেলে বিনষ্ট হয়।

আর আরব সাগর দ্রুত পাড়ি দিয়ে পাকিস্তানে প্রবেশ করলেও সেখানে ঘাঁটি স্থাপন করলে আরব দেশ থেকে যে তেল আদান-প্রদান হয় তা তারা নিয়ন্ত্রণ করতে পারবে। তারা পৃথিবীর সর্ববৃহৎ তেলের খনির নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্যই মূলত আফগানিস্তানের সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়ে সেখানে তাদের ঘাঁটি স্থাপন করতে চেয়েছে। কিন্তু আল্লাহ তায়ালার ওয়াদাই সত্য। আল্লাহ তায়ালা ইরশাদ করেন—

وَمَكَرُوا مَكْرًا وَمَكَرْنَا مَكْرًا وَهُمْ لَا يَشْعُرُونَ ○ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ

مَكْرِهِمْ أَنَّا دَمَّرْنَاهُمْ وَقَوْمَهُمْ أَجْمَعِينَ○

> আর তারা (কাফেররা) চক্রান্ত করে এবং আমিও কৌশল অবলম্বন করি এবং তারা তা জানে না। অতএব, দেখ তাদের চক্রান্তের পরিণাম, আমি অবশ্যই তাদেরকে এবং তাদের সম্প্রদায়কে নেস্তনাবুদ করে দিয়েছি। *[আন-নমল ২৭:৫০-৫১]*

এই আফগান জাতি সমগ্র পৃথিবীতে বিস্ময় সৃষ্টি করেছে। দারিদ্র্য, দুর্বল অর্থনৈতিক অবস্থা, আধুনিক প্রযুক্তির অপ্রতুলতা, বড় বড় অস্ত্রের সমাহার-বিবর্জিত একটি দেশ পৃথিবীর সর্ববৃহৎ শক্তিকে পরাভূত করেছে। এটি যে মহান আল্লাহর অসীম রহমতের নিদর্শন এবং তার অপার অনুগ্রহের দান সেটি বলাই বাহুল্য।

আমি এখানে একটি ঘটনা বর্ণনা করতে চাই, যা আমাদের পূর্ববর্তীদের উৎকৃষ্ট উদাহরণ। তাদের মুক্ত স্বাধীনতা, আল্লাহভীতি, তাওয়াক্কুল ও পৃথিবীর মাখলুকের ওপর তাদের প্রভাব বর্ণনা করবে। এরূপ অনেক ঘটনাই আছে। আমি শুধু একটি বর্ণনা করছি। এ ঘটনাটি মুসলিম নেতা নাজমুদ্দিনের। ঘটনার স্থান আফগানের সীমান্তবর্তী এলাকা, যার একপাশে চীন, রাশিয়া ও অন্য পাশে পাকিস্তান। আফগান জাতি রাজনৈতিক ও সামরিক বিষয়ে অন্যান্য ইসলামী রাষ্ট্রের তুলনায় অত্যন্ত মিতব্যয়ী, যেমনটি নয় আমেরিকা, রাশিয়া, চীন প্রভৃতি দেশ। এসব দেশ সুরক্ষার জন্য অ্যাটম বোমা, ব্যালেস্টিক ক্ষেপণাস্ত্র, মিসাইল ইত্যাদি প্রস্তুত করেছে কোটি কোটি ডলার ব্যয় করে। যাই হোক, বলছিলাম কমান্ডার নাজমুদ্দিনের কথা। তিনি মাত্র ১৫০ মুজাহিদ নিয়ে রাশিয়ান বহরকে প্রতিরোধ করার সিদ্ধান্ত নিলেন। এদের কাজ হলো, রাশিয়ান বাহিনীর মূল যাতায়াত রাস্তায় বাধা দেওয়া, যাতে তারা রসদ সরবরাহ করতে না পারে।

একপর্যায়ে রাশিয়ান বাহিনী তাদের অস্ত্রের সাঁজোয়া বাহনসহ মুজাহিদদের প্রতিরোধ করল কিন্তু আল্লাহ তায়ালা মুজাহিদদের সাহায্য করলেন। মুজাহিদরা পাঁচজন উচ্চপদস্থ রাশিয়ান অফিসারকে গ্রেপ্তার করলেন। রাশিয়ানরা নাজমুদ্দিনের কাছে বার্তা পাঠাল, 'আমাদের পাঁচজন অফিসারকে মুক্ত করো, বিনিময়ে তোমরা যা চাইবে তাই প্রদান করা হবে।'

নাজমুদ্দিন প্রতিউত্তরে বললেন, 'আমরা কারো গোলাম নই। একমাত্র আল্লাহ তায়ালারই গোলামি করি।' দ্বিতীয় একটি বার্তায় রাশিয়ানরা জানালো, 'যদি তুমি এই পাঁচজন অফিসারকে মুক্ত না করো, তবে তোমাদের সব প্রদেশ, সব বৃদ্ধ নারী-পুরুষ ও শিশুদের হত্যা করা হবে।'

তিনি বললেন, 'হে রাশিয়ান কুকুররা, তোমরা তো সন্ধি বা চুক্তির প্রতি সম্মান রাখতে পার না।'

রাশিয়ান বাহিনী তৃতীয় যে পত্রটি পাঠাল তাতে বিন্দু বিন্দু রক্তের ছাপ ছিল। পত্রে লেখা ছিল, 'যদি তাদের কোনো ক্ষতি হয়, আমরা সর্বাত্মক প্রতিশোধ নেব।' নাজমুদ্দিন বললেন, 'আমি তোমাদের চ্যালেঞ্জ করলাম এবং এই পাঁচজনকে হত্যার আদেশ দিলাম।' রাশিয়ানরা অত্যন্ত দুঃখ পেল। এহেন পরাজয়ে তারা অফিসারদের স্মরণের জন্য পাঁচজনের পাঁচটি মূর্তি স্থাপন করেছিল, যা তাদের সান্ত্বনা দিত।

এই আফগান জাতি দীর্ঘদিন ধরে মহান আল্লাহ তায়ালার বিধান কায়েমের জন্য জিহাদের ময়দানে সর্বাত্মক ভূমিকা পালন করছে। অথচ আমরা তাদের সহযোগিতার পরিবর্তে বিভিন্ন প্রকার স্বার্থসংবলিত দ্বন্দ্বে লিপ্ত। ফলে আমাদের থেকে আল্লাহর সাহায্য অনেক দূরে চলে যাচ্ছে। বিষয়টি অতীব গুরুত্বের সঙ্গে আমাদের উপলব্ধি করতে হবে।

তৃষ্ণার্ত মায়ের কান্নার রোল

নাসিরুল্লাহ আমাকে বলেন, একবার আফগানের এক পাহাড়ি অঞ্চলে আমরা কয়েকজন মুজাহিদ লুকিয়ে থেকে রুশ সৈন্যদের লক্ষ করছিলাম। চারদিকে অন্ধকার, ছোট ছোট কয়েকটি ঘর ছাড়া আর কিছুই চোখে পড়ছে না। শুধু গোলা-বারুদ আর বোমার আওয়াজ ছাড়া আর কিছুই কানে আসে না। হঠাৎ এক অসহায় নারীর চিৎকার আমাদের কানে আসে। আমরা চারদিকে লুকিয়ে লুকিয়ে খুঁজতে ছিলাম, কোন দিক থেকে আওয়াজ আসছে। তাকিয়ে দেখি আমাদের থেকে একটু দূরে এক নারী চিৎকার করছে আর বলছে, একটু পানি, একটু পানি! আমরা আস্তে আস্তে সামনে এগোনোর চেষ্টা করি। একটু কাছাকাছি যাওয়ার পর মেয়েটি আমাদের দেখতে পেয়ে বুঝতে পারল যে মুজাহিদ বাহিনী তার সাহায্যের জন্য এগিয়ে আসছে। সেও তখন এগিয়ে এসে বলল, গত সন্ধ্যায় তার বাড়িতে বোমা হামলায় সবাই নিহত হয়েছে। বেঁচে ছিল শুধু তার ১২ বছর বয়সী একটি মেয়ে ও সে। আজ কিছুক্ষণ আগে তার সামনে থেকে মেয়েটিকে ধরে নিয়ে গেছে। গতকাল থেকে এখন পর্যন্ত সে ও তার মেয়ে কিছুই খায়নি। এ কথা বলতে বলতেই হঠাৎ আমাদের মাঝে মেয়েটির ছিন্নভিন্ন দেহ এসে পড়ল উপর থেকে। আমাদের দেখে শত্রুবাহিনী গুলি ছুড়তে লাগল। আমরা মেয়েটিকে নিয়ে পেছনের দিকে ছুটতে লাগলাম। এরই মধ্যে একটি গুলি

এসে বোনটির শরীর ভেদ করে বেরিয়ে গেল। সঙ্গে সঙ্গে সে মাটিতে লুটিয়ে পড়ল। আমরা তার পানির পিপাসা মেটাতে পারলাম না। খুব কষ্ট ও অনুশোচনা হচ্ছিল বোনটির জন্য। পরবর্তী সময়ে অবশ্য এ এলাকাটি আমাদের নিয়ন্ত্রণে চলে আসে। আল্লাহ, তুমি আমার এ বোনটিকে জান্নাত দান করো।

বইতে উল্লিখিত কারামতের গ্রহণযোগ্যতা

এ বইতে উল্লিখিত বিভিন্ন কারামত ও অলৌকিক বিষয়াবলি, যা আমি সামান্যই উল্লেখ করেছি। আমি ওই সব মুজাহিদের সঙ্গে সাক্ষাৎ করেছি, যাদের প্রতি আমার গভীর শ্রদ্ধা ও বিশ্বাস আছে। প্রথম আমার দৃষ্টি নিবদ্ধিত হয় মুহাম্মদ ইয়াসিরের প্রতি (যিনি উস্তাদ সাইয়াফের একজন বিশ্বস্ত সাহায্যকারী), হজের ময়দানে। তাঁর সঙ্গে সাক্ষাতে আমার অবচেতন মন জাগ্রত হয় এবং আমি আশা করি ঐ ঘটনাবলি নিজেই অনুসন্ধান করার। যে বর্ণনাকারী নিজেই কোনো ঘটনা দেখেছে বা তথায় উপস্থিত ছিল, এরূপ উক্তি ব্যতীত কোনো কারামত আমি বর্ণনা করিনি। দুই অথবা তিনটি বর্ণনা এই নিয়মবহির্ভূত হতে পারে। আমি বর্ণনাকারীদের حدثني অর্থাৎ সরাসরি বর্ণনাকারীর নাম থেকে আমার কাছে বর্ণিত হয়েছে এরূপ সূত্রে ব্যবহার করেছি, যেমনটি হাদিস বর্ণনায় রাবিদের বর্ণনা থেকে পাওয়া যায়।

উলামায়ে কেরামের মতামত

এই বইটি রচনায় সর্বপ্রথম যে ব্যক্তির সঙ্গে আলোচনা করেছিলাম, তিনি শায়েখ আবদুল আজিজ বিন বাজ রহ.। আমার কানে এখনো তাঁর দরদপূর্ণ উক্তিটি ভেসে আসে। তিনি বলেছিলেন– 'এই ঘটনাসমূহ আমাদের সৌভাগ্যের কারণ হবে ইনশাআল্লাহ।'

আমি শায়েখ ওমর আল আসকারকে জিজ্ঞেস করেছি। তিনি বলেছেন, 'সর্বপ্রথম মূল বিষয় হলো বর্ণনাকারীদের গ্রহণযোগ্যতা। যদি বর্ণনাকারীরা গ্রহণযোগ্য হয়, তাহলে এই ঘটনাপ্রবাহ প্রচার করা বা ব্যক্ত করতে আমাদের কোনোরূপ সমস্যা হবে না।

অনেক মিথ্যাবাদী ধর্মনিরপেক্ষ মতবাদে বিশ্বাসী ও বস্তুবাদী চিন্তা লালনকারী ব্যক্তিরা এই ঘটনাসমূহকে উপহাসস্বরূপ গ্রহণ করবে এবং ইসলামের প্রতি ঘৃণা পোষণ করবে, যা সচরাচর হয়ে আসছে। এ জন্য আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ○

হে ঈমানদারগণ! তোমরা মুমিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না; তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ক্রুটি করে না– তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতাপ্রসূত বিদ্বেষ তাদের মুখ হতেই বের হয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরো অনেকগুণ বেশি জঘন্য। তোমাদের জন্যে নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও। *[আলে ইমরান ৩:১১৮]*

আমি মুসলিম ভাইদের মেরাজের ঘটনা স্মরণ করাতে চাই। যখন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মেরাজ সম্পর্কে হাজার হাজার মানুষের মধ্যে এর সত্যতা নিয়ে প্রশ্ন উঠেছিল, কাফেররা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মিথ্যাবাদী প্রমাণ করার জন্য অপকৌশলের চেষ্টা করছিল। তদ্রূপই এ বইটিতে বর্ণিত ঘটনাপ্রবাহ সম্পর্কে তারা একই প্রকার উক্তি ও ধারণা পোষণ করবে। ইসলামবিদ্বেষীরা চিরকালই দীনের জ্যোতিকে নেভানোর হীনচক্রান্তে লিপ্ত থাকে। তবু আমি আশা করি, আল্লাহ তায়ালা এ বইটিকে কেয়ামতের ময়দানে নাজাতের অসিলা বানাবেন এবং আমার সব পাপ ও গুনাহকে মার্জনা করে দেবেন।

বইটি পাঠের পর প্রথম অভিব্যক্তি

আলহামদুলিল্লাহ, বইটি পাঠের পর মানুষ বিভিন্ন উৎসাহমূলক মন্তব্য করেছেন। আমি ইউরোপ, আমেরিকা ও আরব দেশ থেকে প্রচুর পরিমাণ ফোন পেয়েছি। তারা অনুমতি চাচ্ছিল নিজ নিজ ভাষায় বইটি প্রকাশের। আমি পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে অসংখ্য চিঠিও পেয়েছি। এ কথা অস্বীকারযোগ্য নয় যে, বইটি বর্তমান পৃথিবীর একটি গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচিত এবং এর প্রয়োজনীয়তা অত্যন্ত ব্যাপক।

কিন্তু পাঠক ভাইয়েরা বইটিতে উল্লিখিত কিছু বিষয়ের প্রতি আমার মনোযোগ আকর্ষণ করেছেন। তারা বলেছেন, ‘বইটিতে কিছু বিষয় এমনভাবে প্রকাশিত

হয়েছে, যার দ্বারা বোঝা যায়, আফগানই পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠ আদর্শিক জাতি, যার সমতুল্য দ্বিতীয় কোনো জাতি নেই।'

আমার উত্তর হলো, তাদের মধ্যেই আফগান সর্বশ্রেষ্ঠ, যাদের অবস্থান এই জাতির মধ্যেই রয়েছে। বস্তুত কোনো জাতি বা ব্যক্তির পক্ষেই নিজেকে সব দোষ-ক্রটির উর্ধ্বে মনে করা সম্ভব নয়।

প্রতিটি জাতিতেই কিছু ধর্মভীরু ব্যক্তি থাকবে, আবার এর বিপরীত গুণের অধিকারী খারাপ ব্যক্তিও থাকবে। কিছু থাকবে নেশাগ্রস্ত, ধর্মনিরপেক্ষ মতবাদে বিশ্বাসী ব্যক্তি। কিন্তু সংখ্যাগরিষ্ঠতা হিসেবে আফগানিরা অধিকাংশ সৎ ও সাহসী এবং ধার্মিক। এ সিদ্ধান্তে পৌঁছতে আমি বিভিন্ন প্রদেশের নেতাদের সঙ্গে কথা বলেছি, যারা বিপুলসংখ্যক মুজাহিদদের পথপ্রদর্শক।

১. বাংহাম প্রদেশের মুহাম্মদ ওমর, যিনি আট হাজার মুজাহিদের নেতা।

২. নাসিরাহ প্রদেশের মুহাম্মদ জান, যার সঙ্গে তিন হাজার ২০০ মুজাহিদ আছেন।

৩. মুহাম্মদ খালেদ ফারুকী, যাঁর তত্ত্বাবধানে ১৫ হাজার মুজাহিদ আছেন।

৪. মৌলবি হালিম, যাঁর তত্ত্বাবধানে ১১ হাজার মুজাহিদ আছেন।

উপরিউক্ত সব ব্যক্তিই এই সাক্ষ্য দিয়েছেন যে, তাঁদের মধ্যে এমন একজন ব্যক্তিও নেই, যাঁরা এক ওয়াক্ত নামাজ ছেড়ে দেন। শতকরা ৯০ জন জামায়াতের সঙ্গে নামাজ আদায় করেন। বিপুলসংখ্যক মানুষ নিয়মিত তাহাজ্জুদ নামাজ আদায় করেন এবং দিনের বেলা নফল রোজা রাখেন।

বর্তমান পৃথিবীতে কি এমন কোনো জাতি আছে, যারা এরূপ নেক আমলের ব্যাপারে সক্ষম হতে পারে?

একজন মুজাহিদ আমাকে বর্ণনা করেন, আমাদের ছোট বাচ্চারাও এ বিষয়টি অবগত যে, কোন বিমানটি আমাদের ওপর বোমা নিক্ষেপ করবে আর কোনটি করবে না। যদি বিমানের চারদিকে পাখির উড্ডয়ন না হয়, তবে নিশ্চিত শত্রুরা বোমা নিক্ষেপ করবে না। আর যদি বিমানের সাথে পাখির উড্ডয়ন দেখা যায়, তবে অবশ্যই বোমা নিক্ষিপ্ত হবে। কেননা পাখিরা মুজাহিদদের সুরক্ষার জন্য বিমানের চারপাশে ওড়ে।

একটি গুরুত্বপূর্ণ বিষয়

কারামত প্রকাশের এ ঘটনার দ্বারা উদ্দেশ্য এটি নয় যে, জিহাদের ময়দান থেকে মানুষ হটে যাবে; বরং জিহাদের কঠিন মুহূর্তে মুমিনের সাহায্যের জন্যই কারামত প্রকাশিত হয়। মুমিনের সর্বাত্মক শক্তি, সামর্থ্য ও যোগ্যতার পরিপূর্ণ প্রদর্শনের পরই মহান আল্লাহ তায়ালার সাহায্য আসে। যেমন আল কুরআনে বর্ণিত হয়েছে–

فَلَمَّا تَرَاءَى الْجَمْعَانِ قَالَ أَصْحَابُ مُوسَى إِنَّا لَمُدْرَكُونَ ○ قَالَ كَلَّا إِنَّ مَعِيَ رَبِّي سَيَهْدِينِ ○ فَأَوْحَيْنَا إِلَى مُوسَى أَنِ اضْرِبْ بِعَصَاكَ الْبَحْرَ فَانْفَلَقَ فَكَانَ كُلُّ فِرْقٍ كَالطَّوْدِ الْعَظِيمِ ○

'অতঃপর যখন দুটি দল পরস্পরকে দেখল, তখন মুসার সঙ্গীরা বলল, আমরা তো ধরা পড়ে গেলাম! মুসা বলল, কখনোই নয়! আমার সঙ্গে আমার প্রতিপালক আছেন; সত্বর তিনি আমাকে পথ নির্দেশ করবেন। অতঃপর মুসার প্রতি ওহি অবতরণ করলাম– তোমার লাঠি দ্বারা সমুদ্রে আঘাত করো। ফলে তা বিভক্ত হয়ে প্রত্যেক ভাগ বিশাল পর্বত সদৃশ হয়ে গেল। *[আশ-শোআরা ২৬:৬১-৬৩]*

ইহা তখনই সংঘটিত হয়েছিল, যখন মুসা আ. পরিশ্রম করে সমুদ্রের তীরে পৌঁছেছিলেন, এরপর আল্লাহর সাহায্য এসেছে।

অতিগুরুত্বপূর্ণ একটি বিষয়ের আলোচনা

জিহাদী জীবন হলো কঠোর শারীরিক শ্রম ও সাধনানির্ভর। এতে থাকে ঘাম ও রক্ত ঝরানো, কান্তিহীন সফর, দুর্বার গিরিপথ পারাপার, জীবনের আশঙ্কা এবং শত্রুর বিরুদ্ধে চৌকস পরিকল্পনা। জিহাদের ভিত্তিই তৈরি হয় মানুষের রক্ত ও লাশের ওপর দিয়ে, যেমন আলো জ্বালানোর ভিত্তি হলো তেল। মুজাহিদদের বিন্দু বিন্দু রক্তের ফোঁটা, শরীর হতে নির্গত ঘাম, দিনের পর দিন ক্ষুধা আর তৃষ্ণার অমানবিক নির্যাতন– এ সবই হলো জিহাদের প্রধান উপজীব্য। তাই আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

أَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللَّهُ الَّذِينَ جَاهَدُوا مِنْكُمْ وَيَعْلَمَ الصَّابِرِينَ ○

> তোমরা কি এই ধারণা করেছ যে তোমরা জান্নাতে প্রবেশ করবে অথচ তোমাদের মধ্যে কে জিহাদকারী এবং কে ধৈর্যশীল তা আল্লাহ পরীক্ষা করবেন না? *[আলে ইমরান ৩:১৪২]*

জিহাদ কোনোরূপ অলৌকিকতার ওপর ভিত্তিশীল নয়, তবে কঠিন মুহূর্তে কারামতরূপে আল্লাহর সাহায্য অতীর্ণ হয়ে থাকে। শায়েখ আবুল হাসান শাহসিনী রহ. বলেন, কারামত প্রকাশিত হওয়ার প্রতি অতিশয় লালায়িত ব্যক্তির দ্বারা কখনো কারামত প্রকাশ হবে না। অথবা মনের ইচ্ছা যখন হয় তখনো হবে না। কারামত তাদের জন্য হবে, যারা নিজেদের তুচ্ছ মনে করে আল্লাহর অস্তিত্বে বিলীন করে দেয়। নিজের কোনো আমলের যোগ্যতায় বা আত্মবিশ্বাসের দ্বারা নয়; বরং মহান আল্লাহর অনুগ্রহেই কারামত সংঘটিত হয়ে থাকে।

জিহাদে কোনোরূপ হতাশা, অপকৌশল ও ধৈর্যচ্যুতি থাকবে না। মুজাহিদদের জীবন সার্বক্ষণিক থাকে শঙ্কার মধ্যে, না জানি কখন শত্রুর বুলেটের আঘাত বক্ষকে ছিন্নভিন্ন করে দেয়। এই মানসিক অস্থিরতায় মাসের পর মাস অতিবাহিত হয়ে যায়। আবার এমনও সময় আসে, যখন দিনের মধ্যে তিনবার শত্রুর আক্রমণের মুখে পতিত হতে হয়। তাও আবার BM-12 ও BM-13-এর মতো মারণাস্ত্র দ্বারা, যার একটি মাত্র ট্রি-গারের চাপে ২৫টি মিসাইল ক্ষেপণাস্ত্র বের হয়ে আসে, যার একেকটির ওজন অর্ধ টন বা ৫০০ কেজি কিংবা তারও বেশি।

একজন মুজাহিদ দীর্ঘ পাঁচ বছর উপরোক্ত বাস্তব অবস্থা মোকাবিলা করেছেন। এ সময় আল্লাহর প্রতি নিজের জীবন সমর্পণ করাই ছিল তার দৃঢ় আকাঙ্ক্ষা, তবু এই দীর্ঘ সময়ের মধ্যে মাত্র একবার তার দ্বারা কারামত সংঘটিত হয়েছিল।

ওমর হানিফ আমাকে বলেন, 'আমরা এমন এক জাতি, যাদের জন্য জিহাদ অপরিহার্য; যেমন মাছের জন্য পানি অপরিহার্য।'

ডা. আবদুল কাদির আমাকে বলেন, আমি সাক্ষ্য দিতে পারি একজন মুজাহিদ ও একজন ডাক্তারের কথোপকথনের, যখন ডাক্তার প্যারালাইসিসের আশঙ্কায় মুজাহিদের ক্ষত পা কেটে ফেলে দিচ্ছিলেন। ওই মুজাহিদ তখন ডাক্তারকে উদ্দেশ করে বলেছিলেন, আপনি আমার পা-কে আগের মতো ফিরিয়ে দিন, যাতে আমি আফগান জিহাদে আবার অংশগ্রহণ করতে পারি।

আমি (লেখক) কখনোই ওই বৃদ্ধ ব্যক্তির অভিব্যক্তি ভুলতে পারবো না, যাকে বার্ধক্যের কারণে জিহাদে যেতে নিষেধ করা হয়েছিল। তিনি তখন বলেছিলেন,

'জিহাদে অংশগ্রহণ না করে পেশওয়ারে অবস্থান করা আমার জন্য গুনাহ।'

রণাঙ্গনের এক সিপাহসালার মৌলবি হালিম বলেন, 'যখন শত্রুবাহিনীর যুদ্ধবিমান থেকে আমাদের ওপর আক্রমণের প্রস্তুতি চলছিল, হঠাৎ বিমানের নিচে অসংখ্য পাখির ওড়াউড়ি শুরু হলো। আমি উপস্থিত মুজাহিদদেরকে বললাম, আল্লাহর সাহায্য এসে গেছে। আরেকবার আমাদের বিমান বিধ্বংসী কামান ZK-1 নষ্ট হয়ে যায়। আমরা আল্লাহ তায়ালার কাছে দোয়া করলাম। হঠাৎ আমাদের চারদিকে প্রচুর পরিমাণ মেঘের আচ্ছাদন দেখা গেল এবং আমরা বিমান আক্রমণ থেকে বেঁচে গেলাম।'

মুহাম্মদ দাউদ ছাইরাত (ওয়ারদাক প্রদেশের নেতা) আমাকে বলেন, একবার শত্রুবাহিনীর সৈন্যরা চারদিক থেকে আমাদেরকে ঘিরে ফেলে এবং ওপর থেকেও আক্রমণের জন্য বিমান প্রস্তুত হয়। মুজাহিদদের সংখ্যা ব্যাপক থাকলেও শত্রুরা ছিল প্রায় ১০ হাজার। সঙ্গে ১০০-এর অধিক ট্যাংক। এই অসম যুদ্ধে অধিকাংশ মুজাহিদই শহীদ হয়ে যান। আমরা যে ২০ জন বেঁচে ছিলাম, তারাও মৃত্যুর ব্যাপারে নিশ্চিত ছিলাম। একপর্যায়ে আরো ১১ জন শহীদ হয়ে যান, অবশিষ্ট ৯ জন ছিলাম ব্যাপকভাবে আহত। এভাবেই ক্ষুধা আর তৃষ্ণায় দুই দিন অতিবাহিত হয়ে যায়। তখন ছিল রমজান মাস। শত্রু সৈন্যরা আমাদেরকে জীবিত ধরার জন্য ট্যাংক নিয়ে অগ্রসর হলো। কাছাকাছি এলে আমরা সমস্বরে 'আল্লাহু আকবার' বলে উঠলাম। মনে হল যেন সমগ্র শহর থেকে তাকবিরের ধ্বনি ভেসে আসছে। এই তাকবিরের আওয়াজেই অনেকগুলো ট্যাংক ধ্বংস হয়ে যায়।

মুজাহিদরা এই যুদ্ধের ময়দানেও তালিম-তারবিয়াত বজায় রেখেছিল। দেখা গেছে, কোনো এক যুদ্ধের ময়দানে আট হাজার মাদ্রাসার ছাত্র উপস্থিত ছিল, যারা মুজাহিদদের তত্ত্বাবধানে উচ্চতর ইসলামী শিক্ষা গ্রহণ করছিল। অনুরূপভাবে প্রতিটি জেলায়ই মুজাহিদদের তত্ত্বধানে পরিচালিত একটি করে মাদ্রাসা ও বিচার বিভাগ চালু ছিল। রাশিয়ানরা এ বিষয়টি অবগত ছিল যে এই আফগান জাতিকে পরাজিত করা বা নিশ্চিহ্ন করা খুব সহজসাধ্য হবে না।

উপসংহার

পরিশেষে সবার উদ্দেশে একটি শেষ নিবেদন করতে চাই, তারা যেনো নিজেদের দোয়ায় মুজাহিদদেরও স্মরণ করে। আল্লাহ তায়ালা যেন তাদের সব চেষ্টা, শ্রম ও মনের বাসনা পূর্ণ করেন, আমাদেরও তাঁর মনোনীত মত ও পথের ওপর অবিচল রাখেন।

যৌথবাহিনী কর্তৃক মুসলিম নারীদের ওপর পাশবিক নির্যাতন

সময় তখন পড়ন্ত বিকেল। ১৬ এপ্রিলের সেই বিকেলে কাবুল থেকে বহু দূরে অবস্থিত এই গ্রামটির মানুষের মনে আনন্দ বিরাজমান। ছোট শিশু থেকে শুরু করে অবালবৃদ্ধ পর্যন্ত সবার মাঝেই আনন্দের এক অপরিসীম আভা লেগে আছে। কারণ আজ মাগরিবের পর এক মুসলিম তরুণ ও তরুণীর বিবাহ সম্পন্ন হবে, যেখানে গ্রামবাসীর সাদর উপস্থিতি কাম্য। যথারীতি শরীয়তের বিধানে বিবাহ সম্পন্ন হলো। একে অন্যের সঙ্গে কুশল বিনিময়, মেহমানদারি সবই চলতে লাগল। রাত গভীর হতে কোলাহল কমে এল। রাত যখন গভীর, নববিবাহিত তরুণ-তরুণীর আন্তরিকতার উষ্ণ আহ্বান ও কথোপকথনের পরিবর্তে বধূ তার স্বামীকে বলছে, আমি আল্লাহ তায়ালার কাছে সিজদাবনত হয়ে দোয়া করি, তিনি যেনো ইসলামকে সমুন্নত করতে এই আফগানযুদ্ধে আপনাকে বীরত্বের সঙ্গে লড়াই করে গাজি কিংবা শহীদ হয়ে ফিরে আসার তাওফিক দেন। এভাবেই আল্লাহ প্রেমে কেটে গেল তাদের বিনিদ্র রজনী।

যখন পূর্ব আকাশে নতুন দিনের সূচনার আভা দেখা গেল তখন চারদিক থেকে মহান আল্লাহ তায়ালার একত্ববাদের আহ্বান শোনা যেতে লাগলো। নব বিবাহিত উমর ও তাঁর স্ত্রী মহান আল্লাহ তায়ালার কাছে প্রার্থনা করে ফজরের নামাজ শেষ করলেন। এবার বিদায়ের পালা। বাড়ির সামনে থেকে বিদায় নিয়ে উমর আল্লাহর রাস্তায় পুনরায় চলা শুরু করলেন। পেছনে ফিরে যতবার উঁকি দিল, ততবারই সদ্য বিবাহিতা স্ত্রীর অশ্রুসিক্ত নয়নযুগলের আহ্বান দেখতে পেল। তবু আল্লাহর সন্তুষ্টির জন্য এই পথ তাকে চলতেই হবে। দ্বিপ্রহরের সময় কাবুল পৌঁছে অন্য মুজাহিদদের সঙ্গে কাজ শুরু করে দিলেন। তাদের যাত্রা অনেক দূরের পথ। সন্ধ্যার আগেই তারা নিরাপদ এক স্থানে তাঁবু স্থাপন করলেন; কিন্তু খাবারের স্বল্পতা তাদের ভাবিয়ে তুলল। পরামর্শ হলো, আশপাশের এলাকা থেকে কিছু খাবার সংগ্রহ করতে হবে।

খাবার সংগ্রহের প্রতিনিধিদলে উমরকে আমিরের দায়িত্ব দেওয়া হলো। প্রতিনিধিদল যাত্রা করে সর্বপ্রথম বাড়িটিতে সালাম দিয়ে মৃদু আঘাত করল। এক বৃদ্ধ দরজা খুলে দিলেন। তার অবয়বে ছিল বার্ধক্যের ছাপ; কিন্তু চোখের চাহনি ছিল দুঃখের এক অপার সমুদ্রতুল্য। মৃদু স্বরে জিজ্ঞেস করলেন, 'কী চাই?' উমর বললেন, 'আমরা মুজাহিদ। সামান্য কিছু খাবারের প্রয়োজন ছিল।' উপস্থিত মুজাহিদের শরীরে ছিন্নভিন্ন পোশাক ও কোমল অবয়ব কঠিন হৃদয়ের মানুষটিকেও গলিয়ে দিল। বৃদ্ধ উত্তর দিলেন, 'বাবা, আল্লাহ তায়ালা মক্কা

করুন, আমি তোমাদের খাবার দিতে পারছি না। মুজাহিদদের সাহায্য করার কারণে আমার অনেক বড় ক্ষতি হয়ে গেছে।' বলতে বলতে বৃদ্ধের দুই চোখ দিয়ে অশ্রু গড়িয়ে পড়তে লাগল।

উমর বৃদ্ধকে সান্ত্বনা দিলেন এবং বললেন, 'কী হয়েছিল বলবেন কি?' বৃদ্ধ বললেন, আমার ছিল দুই ছেলে ও চার অবিবাহিত মেয়ে। বড় ছেলেটি আফগান জিহাদে অংশগ্রহণ করেছে। তিন দিন আগে ২০-২৫ জনের যৌথবাহিনীর একটি দল আমার বাড়িতে এসে আমাকে জিজ্ঞেস করে, কেন আমার সন্তানকে জিহাদে পাঠিয়েছি এবং কেন আমি আশপাশের মুজাহিদদের বিভিন্ন সময় আশ্রয় দেই? উত্তরে আমি নিশ্চুপ থাকি। তারা জোরপূর্বক আমার বাড়িতে প্রবেশ করে আমার চার মেয়েকে বাড়ির উঠানে এনে বেঁধে ফেলল। আমি বৃদ্ধ, তবু তাদের অফিসারের পা জড়িয়ে মিনতি করলাম– আমাকে যত পার শাস্তি দাও; কিন্তু আমার মেয়েদের ছেড়ে দাও। অফিসার কোনো উত্তর দেয়নি, শুধু পায়ের বুটের গোড়ালি দিয়ে বাঁ পাঁজরে সজোরে আঘাত করেছে। ছিটকে গিয়ে পড়লাম অনেক দূরে।

এরপর শুরু হলো তাদের পৈশাচিক নির্যাতন। এক সেনা আমাকে মাটি থেকে তুলে খুঁটির সঙ্গে বেঁধে দিল। আমার বড় মেয়েটির সম্পূর্ণ শরীর আমার চোখের সামনেই উলঙ্গ করে দিল। আল্লাহ! বাবা কেমন করে এই নৃশংস দৃশ্য দেখতে পারে! প্রথমে মেয়েটির মাথার চুল কেটে দিল। মৃত হরিণের পতিত শরীর যেমন করে হায়েনারা টেনে-ছিঁড়ে খায়, যৌথবাহিনীর সেই অফিসার আমার মেয়েকে সেভাবে খাচ্ছিল। মেয়ের তীব্র চিৎকারে তখন আকাশ-বাতাস ভারী হচ্ছিল। একপর্যায়ে মেয়েটির দুই স্তন ধারালো ছুরি দিয়ে কেটে ফেলল। আহ! ফিনকি দিয়ে রক্ত গড়িয়ে সর্বপ্রথম আমার মতো অধম বাবার শরীরে এসে পড়ল। এরপর দুই স্তনের মধ্যবর্তী অংশে ছুরি দিয়ে গোশত কাটার মতো কাটতে লাগল। আমার মেয়েটি মৃতপ্রায় মুরগির মতো ছটফট করছিল। এভাবে শরীরের বিভিন্ন স্থানে যন্ত্রণা দিচ্ছিল।

একসময় আমার মেয়েটি বেহুঁশ হয়ে পড়ে। সর্বশেষে মেয়েটির লজ্জাস্থান দিয়ে ছুরি প্রবেশ করিয়ে মেয়েটির লজ্জাস্থান কেটে ফেলে। আহ! বাবা হয়ে এমন দৃশ্য...তীব্র চিৎকার করতে করতে মেয়েটি আমার মারা যায়।

এরপর আমার দ্বিতীয় মেয়েটিকে আমার কাছে এনে বেঁধে ফেলে এবং তার শরীর থেকে সব কাপড় খুলে নিয়ে মাটিতে শুইয়ে দেয়। এক-এক করে প্রথমে অফিসার, পরে আরো সাতজন সেনা মেয়েটিকে আমার চোখের সামনে ধর্ষণ করে। একপর্যায়ে একজন এসে তার একটি স্তন কেটে আমার পায়ের কাছে

এনে বলে, এটাকে ফুটবলের মতো শ্যুট করে ওড়াতে। কিন্তু এটা কি কোনো বাবার পক্ষে সম্ভব, বলুন? না বললে আমার ওপর চলে পাশবিক নির্যাতন। এরপর মেয়েটির দ্বিতীয় স্তনও কেটে ফেলে। ওই সময় মেয়েটি শুধু একবার বাবা বলে চিৎকার দিল। এরপর জ্ঞান হারিয়ে ফেললে তার লজ্জাস্থান দিয়ে লম্বা একটি ছুরি ঢুকিয়ে বুকের কাছ দিয়ে বের করে। মুহূর্তের মধ্যে আমার চোখের সামনে দুটি মেয়েকে তারা নির্মমভাবে হত্যা কারার এ দৃশ্য দেখার সঙ্গে সঙ্গে আমি জ্ঞান হারিয়ে ফেলি। জ্ঞান ফেরার পর আমার বাকি দুজন মেয়েকে আর দেখতে পাইনি। সেনারা তাদের নিয়ে চলে গেছে, আজও তারা ফিরে আসেনি।

উমরসহ সব মুজাহিদের চোখ থেকে পানি গড়িয়ে পড়ছিল। তাদের সর্বশরীরে এক প্রতিশোধের শিহরণ বয়ে গেল। উমর বৃদ্ধকে সান্ত্বনা দিয়ে প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করে দ্বিতীয় বাড়ির দিকে অগ্রসর হলেন। কিন্তু সেখানেও তারা ব্যর্থ হলেন। এভাবে ৯টি বাড়িতে তারা গেলন; কিন্তু সবাই সাহায্য করতে অপারগতা প্রকাশ করল। এবার উমর আবেগের বাহুল্যতায় দুই হাত তুলে চোখের পানি ফেলে মহান আল্লাহ তায়ালার দরবারে দোয়া করলেন– 'হে আল্লাহ, আমি তো নিজের জন্য খাবার-পানি চাইনি। আপনার পথের মুজাহিদদের জন্য সাহায্য চেয়েছি। সব কিছুর মালিক একমাত্র আপনি। সব সৃষ্টির রিজিক একমাত্র আপনার আয়ত্ত্বাধীন।'

দোয়ার পর অনেক আশা নিয়ে ১০ নম্বর বাড়িতে আঘাত করে সালাম দিলেন। বাড়ির কর্তা মুজাহিদদের অবস্থা শুনে বললেন, কিভাবে আমরা শান্তির সঙ্গে রাত্রি যাপন করতে পারি, যেখানে আল্লাহর পথের মুজাহিদরা অভুক্ত থাকবেন? এ বাড়ি থেকে দেয়া কয়েক বস্তা খাদ্যদ্রব্য নিয়ে প্রতিনিধিদল মুজাহিদদের তাঁবুর দিকে যাচ্ছিল। পথিমধ্যে দূরের এক বাড়ি থেকে কান্নার আওয়াজ শুনতে পেয়ে তৎক্ষণাৎ তারা বস্তাগুলো নিরাপদ স্থানে লুকিয়ে রেখে সেই বাড়ির দিকে এগিয়ে গেলেন। সেখানে পৌঁছে তারা যা দেখলেন তা ছিল শ্বাসরুদ্ধকর। যৌথবাহিনীর ছয়-সাতজন সেনা এক অবলা সুন্দরী মুসলিম তরুণীকে হায়েনার মতো ছিঁড়ে খাচ্ছে। উমরসহ অন্যরা সেই পাপিষ্ঠ নরপিশাচদের প্রতিরোধ করতে এগিয়ে গেলেন। উমর হুংকার দিয়ে বললেন, 'আল্লাহু আকবার! তোরা মেয়েটিকে ছেড়ে দে, নতুবা তোদের সবাইকে আমরা হত্যা করব।' কথা বলতে বলতে উমর যখন তার রিভলবার তাক করবে, তখন হঠাৎ ঘন অন্ধকারের মধ্য থেকে একটি বুলেট এসে বিঁধল উমরের বাঁ পাঁজরে। কিন্তু আল্লাহ তায়ালার অপার রহমতে দৃঢ় হাতেই রিভলবার নিয়ে ট্রিগার টিপে এক পাপিষ্ঠ সেনার বুকের তাজা রক্ত ঝরিয়ে দিলেন। বাকি সৈন্যরা পালিয়ে গেল। যেহেতু তারা অন্য স্থানে অস্ত্র

রেখে এসেছিলেন, তাই শত্রুদেরকে তাড়া করতে পারলেন না।

উমর তার রক্তভেজা পা ও শরীর নিয়ে খোঁড়াতে খোঁড়তে এগিয়ে গেলেন মেয়েটির দিকে। নিজের শরীরের পোশাক খুলে জড়িয়ে দিলেন মেয়েটির শরীরে। অন্য মুজাহিদরা তার রক্তাক্ত ক্ষতস্থান বেঁধে দিলেন। উমর সর্বশক্তি দিয়ে ব্যথা সহ্য করে সবার সহযোগিতায় মুজাহিদদের ক্যাম্পে ফিরে এলেন।

উমরের শরীর থেকে প্রচুর পরিমাণ রক্তক্ষরণ হচ্ছিল। উপযুক্ত চিকিৎসার কোনো ব্যবস্থা সেখানে না থাকায় পরামর্শক্রমে উমরকে বাড়িতে পাঠানোর সিদ্ধান্ত হলো এবং তাকে বাড়িতে নিয়ে যাওয়া হলো। স্ত্রীর সঙ্গে কৃত ওয়াদা তিনি পূরণ করার চেষ্টা করেছেন। তাই সবশেষে স্ত্রীর কোলে মাথা রেখে শহীদি মৃত্যু লাভ করে চিরবিদায় গ্রহণ করেন।

ইরাকে যৌথবাহিনীর পৈশাচিকতা

শুধু আফগানিস্তান নয়; বরং পৃথিবীর প্রতিটি মুসলিম দেশেই চলছে যৌথবাহিনীর পৈশাচিক নির্যাতন আর মুসলমানদের সম্পদ লুণ্ঠন করে নিজেদের ভোগ-বিলাসে ব্যবহার করার প্রবণতা। কিছুদিন আগে The times পত্রিকায় যৌথ বাহিনীর অমানুষিক বর্বরতার আলোচনা উঠে এসেছে। প্রতি রাতে তারা বিভিন্ন গ্রামে গিয়ে আক্রমণ করত এবং শিশু-নারী-পুরুষের ওপর অমানষিক অত্যাচার করত।

১৪ বছরের এক তরুণী, যার মাত্র কিছু দিন হলো বিবাহ সম্পন্ন হয়েছে এবং সে ছিল গর্ভবতী। এক রাতে যৌথবাহিনীর ১০-১২ জন সেনা তাদের এলাকায় আক্রমণ করে। তারা বিভিন্ন বাড়ি থেকে জোরপূর্বক যেসব কুমারী মেয়েদের ধরে নিয়ে আসে, তাদের মধ্যে এই ১৪ বছরের গর্ভবতী মেয়েটিও ছিল। সেনারা মেয়েটিকে নিয়ে তার সম্পূর্ণ শরীর উলঙ্গ করে। সর্বপ্রথম হায়েনাগুলো তার পেটে এত জোরে আঘাত করে যে, মেয়েটি ব্যাথায় বেহুঁশ হয়ে যায়। তার লজ্জাস্থান দিয়ে রক্তরণ শুরু হয়ে যায়। তার গর্ভের সন্তান এত বেশি নড়াচড়া শুরু করে যে, মেয়েটির তীব্র চিৎকারে আকাশ-বাতাস ভারী হয়ে ওঠে। সেই সময় হায়েনার দল মেয়েটিকে বেঁধে পালাক্রমে রক্তের মধ্য দিয়েই নিজেদের স্বাদ উপভোগ করতে থাকে। আল্লাহ, একি নির্মম জীবনের অবস্থা! পরিশেষে গর্ভের সন্তানসহ মেয়েটিকে হত্যা করে তার শরীর ২২টি টুকরা করে কুকুর দ্বারা খাইয়ে দেয়।

যেই দেশের আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন Human Rights এর মতো

সংস্থা বিশ্ব মানবতার কথা বলে, সেই দেশের সেনারা মানব সভ্যতার এই নির্মম পরিণতি ঘটাচ্ছে! এর দায়ভার কে বহন করবে? পত্রিকার পাতা আর বিশ্বব্যাপী নিউজ চ্যানেলগুলো খুললে দেখা যাবে বর্তমান যৌথবাহিনীর নির্মমতা। অনেক পত্রিকা বা চ্যানেল তাদের দ্বারা পরিচালিত হওয়ায় ঘটনার যৎসামান্যই প্রচার হয় এবং বেশির ভাগই গোপন থাকে। কিন্তু প্রতিটি নির্মমতা আর অন্যায়ের প্রতিফলন সর্বদা হবেই। বর্তমান যৌথবাহিনীর প্রধান বিনোদন আর আনন্দ উপভোগের বস্তু হলো মুসলিম নারী আর শিশু। আল্লাহ্ তায়ালার একত্ববাদকে বুকে ধারণ করে জীবন-যাপনের কারণেই কি এই নির্যাতন, নাকি দুনিয়া থেকে চিরতরে ইসলামকে নিঃশেষ করাই তাদের মিশন? তাদের জেনে রাখা উচিত, ইসলাম থাকবে চিরউন্নত ও চিরস্থায়ী।

জিহাদের বিরুদ্ধে তথ্যসন্ত্রাস

আফগানিস্তানে ইসলামের এ মহান বিজয়, যা দ্বারা আল্লাহ্ তায়ালা পৃথিবীর সব মুসলমানকে সম্মানিত করেছেন, সেটা খেলোয়াড়দের খেলার পুতুলে পরিণত হয়েছে এবং হলুদ সাংবাদিকতা ও মূর্খদের দ্বারা ঘৃণা ও বিকৃতির খপ্পরে পড়েছে। এ জিহাদকে নিয়ে যার যা ইচ্ছা বলে বেড়াচ্ছে। জিহাদের প্রতি এটা কোন ধরনের অবিচার? কোন বিষাক্ত খঞ্জর দিয়ে আমরা নিজেদের অজান্তে নিজেদের ওপর আঘাত করছি? না জেনে না বুঝে আমরা ইতিহাসকে কিভাবে বিকৃত করছি?

সাংবাদিকরা যা-ই লিখুন না কেন, এ জিহাদ নিঃসন্দেহে ইতিহাস পরিবর্তনের সূত্র বা পয়েন্ট হিসেবে বাকি থাকবে এবং আল্লাহর পথের যেসব সৈনিক মনজিলে মাকসুদে পৌঁছতে চায় তাদের কাছে একটি জীবন্ত আদর্শ হিসেবে বিবেচিত হবে।

إِنَّ فِي ذَٰلِكَ لَعِبْرَةً لِّأُولِي الْأَبْصَارِ

নিঃসন্দেহে এতে দৃষ্টিসম্পন্ন লোকদের জন্য শিক্ষণীয় বিষয় রয়েছে *[আলে ইমরান ৩:১৩]*

বিংশ শতাব্দির মুজিজা

এই প্রথমবারের মতো একটি মুসলিম জনগোষ্ঠীর আফগানের কাছে লাল ফৌজের পরাজয় ও রাশিয়ার লাঞ্ছনাকর প্রস্থান ইসলামের পথে অন্ধকার অনুভবকারী লোকদের জন্য কয়েক শতক পর্যন্ত একটি আলোকস্তম্ভ হিসেবে

বাকি থাকবে। আফগান কমিউনিস্টদের সঙ্গে যুদ্ধে মুজাহিদরা পেরে উঠুক বা না উঠুক, রাশিয়ার আফগানিস্তান থেকে লাঞ্ছনাকর প্রত্যাবর্তন অবশ্যই বিগত দুই যুগের সবচেয়ে বড় ঘটনা ও বিংশ শতাব্দির মুজিজা। এ জিহাদ ও তার বিজয় নিয়ে মুসলিম উম্মাহর সব সদস্য গৌরব বোধ করবে। আমি নিশ্চিত, এ জিহাদ আফগানিস্তানে বাকি কমিউনিস্টদের এ ক্ষুদ্র দলের ওপরও বিজয় লাভ করবে। পরাশক্তি নামের যে হিংস্র পশুকে মানুষ ভয় করত, সে ভয়ের প্রাচীর আফগান জিহাদ চূর্ণবিচূর্ণ করে দিয়েছে। আফগান জিহাদ প্রত্যেক মুসলমানকে অনিশ্চয়তা ও হতাশার অন্ধকার থেকে মুক্ত করে এ আশার আলোর দিকে নিয়ে এসেছে যে, এই উম্মাহ যখনই তার দীনকে আকড়ে ধরবে, তখনই বিজয় তার পদচুম্বন করবে।

এ পর্যন্ত আফগানিস্তানের এ ঘটনা খ্রিস্টীয় শেষের তিন শতকের (১৮, ১৯, ২০) ইতিহাসের সবচেয়ে বড় পরিবর্তন বলে বিবেচিত হচ্ছে। এ ঘটনা এখন বিশ্ব কাঁপানো এক বিশাল বিস্ফোরণ হিসেবে দেখা দিয়েছে। কিন্তু অধিকাংশ লোক তা জানে না। এ ব্যাপারে সবচেয়ে বেশি অজ্ঞতায় রয়েছে মুসলমানরা। পশ্চিমারা কিন্তু ঠিকই ব্যাপারটা যথাযথ উপলব্ধি করেছে।

তাই রাশিয়া চলে যাওয়ার পর থেকে তারা তাদের মিডিয়াকে দুটি কাজ সম্পাদনে নিয়োজিত রেখেছে। প্রথম কাজ মুসলমানদের মধ্যে এ জিহাদের নেতৃবৃন্দ ও ব্যক্তিবর্গের চরিত্র হনন ও তাদের প্রভাবকে খাটো করা, যাতে পৃথিবীতে এ দীনকে বিজয়ী করতে যারা ইচ্ছুক, তাদের চলার পথে এ জিহাদ উজ্জ্বল আদর্শ হিসেবে বাকি না থাকে। রাশিয়া চলে যাওয়ার পর থেকে আফগানদের মধ্যে পূর্ণ গোত্র ও আঞ্চলিকতার বিভেদ উসকে দেওয়া ও জিহাদের চিত্র বিকৃতকরণ ছাড়া পাশ্চাত্য মিডিয়ার আর কোনো কাজ নেই।

শহীদের বৈশিষ্ট্যমণ্ডিত মর্যাদাবলি

হযরত মিকদাম বিন মাদিকারিব রা. থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন—

لِلشَّهِيدِ عِنْدَ اللهِ سَبْعُ خِصَالٍ: يُغْفَرُ لَهُ فِي أَوَّلِ دَفْعَةٍ مِنْ دَمِهِ، وَيَرَى
